গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাথরঘাটা, বরগুনা
doict.pathorghata.barguna.gov.bd

বিষয় : পাথরঘাটা, বরগুনা উপজেলা আইসিটি বিষয়ক কমিটির ফেব্রুয়ারি -২০২৪ মাসের সভার কার্যবিবরনী।
সভাপতি : জনাব মোঃ রোকনুজ্জামান খাঁন, উপজেলা নির্বাহী অফিসার, পাথরঘাটা, বরগুনা।
সভার তারিখ : ১৪-০২-২০২৪ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা।
উপস্থিতি : পরিশিষ্ট ক।

সভাপিত উপস্থিত সম্মানিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সহকারী প্রোগ্রামার বিগত সভার কার্যবিবরনী এবং বর্তমান সভার কার্যবিবরনী উপস্থাপন করেন। সভার বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ | পাথরঘাটা উপজেলা ওয়েব পোর্টালসহ উপজেলাধীন ইউনিয়ন ওয়েব পোর্টালের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। ওয়েব পোর্টাল সমূহের অসম্পূর্ণতা দ্রুত সম্পূর্ণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, অফিস প্রধান(সকল), উদ্যোক্তা(সকল ইউনিয়ন পরিষদ), পাথরঘাটা, বরগুনা। |
| ০২ | পাথরঘাটা উপজেলাধীন ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের প্রতিদিনের আয় ব্যয়ের তথ্য আপলোড বিষয়ে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উদ্যোক্তাদের প্রতিদিনের আয় ব্যয়ের তথ্য এক সেবায় নিয়মিতভাবে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি সচিব, উদ্যোক্তা( সকল ইউনিয়ন পরিষদ), পাথরঘাটা, বরগুনা। |
| ০৩ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব যথাযথ ব্যবহার নিশ্চিতকরন এবং নিয়মিত পরিদর্শন ও দিক নির্দেশনা প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, ল্যাবপ্রাপ্ত প্রতিষ্ঠান প্রধান(সকল), পাথরঘাটা, বরগুনা। |
| ০৪ | শিক্ষা প্রতিষ্ঠানের ডিজিটাল সাইবার নিরাপত্তা বিষয়ক আলোচনা সভার আয়োজন কারার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | শিক্ষা অফিসার, মাধ্যমিক শিক্ষা অফিসার ল্যাব প্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ (সকল) পাথরঘাটা, বরগুনা। |
| ০৫ | দাপ্তরিক সকল কার্যক্রম ডি-নথি সিস্টেমের মাধ্যমে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। যেসকল অফিস ডি-নথি সিস্টেমে নেই তাদেরকে তাদেরকে সিস্টেমে অন্তর্ভূক্তির বিষয়ে বিস্তারিত পদক্ষেপ নেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, অফিস প্রধান (সকল) পাথরঘাটা, বরগুনা। |
| ০৬ | উপজেলা পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে স্থাপিত মাল্টিমিডিয়া ক্লাসরুমের কার্যক্রম মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাথরঘাটা, বরগুনা। |
| ০৭ | পাথরঘাটা উপজেলাধীন সকল ইউডিসি সেন্টার হতে অনলাইন পর্চা, ভূমি আয়কর ও অন্যান্য সরকারি সেবা সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | উদ্যোক্তা(সকল ইউনিয়ন পরিষদ) পাথরঘাটা, বরগুনা। |
| ০৮ | প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল কর্মকর্তা হিসাবে সামাজিক যোগাযোগ মাধ্যম তথা ফেইজবুকে এ কোন বিকৃত পোষ্ট/ মন্তব্য না করা এবং ফেইজবুক ব্যবহারের নীতিমালা অনুসারন করে পোষ্ট , মন্তব্য বা শেয়ার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিস প্রধান( সকল), পাথরঘাটা, বরগুনা। |

সবশেষে আইসিটির বিকাশ ও উন্নয়নের মাধ্যমে সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্ন বাস্তবে রূপ দেয়ার লক্ষ্যে সকলকে সক্রিয় অংশ গ্রহণের আহ্বান জানিয়ে এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৪/০২/২৪
মোঃ রোকনুজ্জামান খান
উপজেলা নির্বাহী অফিসার
পাথরঘাটা, বরগুনা।
unopatharghata@mopa.gov.bd

বিতরনঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। মাধ্যমিক শিক্ষা অফিসার/ উপজেলা শিক্ষা অফিসার, পাথরঘাটা, বরগুনা।
২। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পাথরঘাটা, বরগুনা।
৩। অধ্যক্ষ / প্রধান শিক্ষক .............................. পাথরঘাটা, বরগুনা।
৪। চেয়ারম্যান, ........................... পাথরঘাটা, বরগুনা।

স্মারক নং: ৫৬.০৪.০৪৮৫.০০০.০৬.০০১.১৯-১৬৫ তারিখঃ ১৪-০২-২০২৪ খ্রিঃ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, ঢাকা।
২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, ঢাকা।
৩। জেলা প্রশাসক, বরগুনা।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বরগুনা।
৫। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, বরগুনা।
৬।........................... পাথরঘাটা, বরগুনা।
৭। অফিস কপি।

১৪/০২/২৪
মোঃ রোকনুজ্জামান খান
উপজেলা নির্বাহী অফিসার
পাথরঘাটা, বরগুনা।
unopatharghata@mopa.gov.bd